



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন  
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : [pro@bhbfc.gov.bd](mailto:pro@bhbfc.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএইচবিএফসি'তে 'ই-নথি বাস্তবায়ন' শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত



৬ জুন ২০১৮ খ্রি. তারিখে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন প্রশিক্ষণ কেন্দ্রে 'ই-নথি বাস্তবায়ন' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের (৩য় ব্যাচ) উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। কোর্সের উদ্বোধন করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক দেবাশীষ চক্রবর্তী। উপ-ব্যবস্থাপনা পরিচালক ড. দোলতুল্লাহার খানম ও মহাব্যবস্থাপক অরুণ কুমার চৌধুরী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) বাস্তবায়ন এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম ও মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী কর্পোরেশনের সেবাসমূহ জনগণের দোড়গোড়ায় দ্রুততর সময়ে পৌঁছে দিতে এবং কর্মক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে ই-ফাইলিং প্রবর্তনের লক্ষ্যে ২দিন ব্যাপী (৬-৭ জুন) এ প্রশিক্ষণের আয়োজন করা হয়। বিএইচবিএফসি'র ৬জন কর্মকর্তা রিসোর্স পারসন হিসেবে এ প্রশিক্ষণ কোর্স পরিচালনা করবেন। কর্পোরেশনের বিভিন্ন পর্যায়ের ১৮ জন কর্মকর্তা কোর্সে অংশগ্রহণ করছেন।